



AKASHVANI SILCHAR

REGIONAL NEWS UNIT

MORNING NEWS BULLETIN

BENGALI

DATE: 5 June 2026

TIME: 7:35 AM

রাজ্যপাল লক্ষ্মন প্রসাদ আচার্য আজ দুপুর ১২টা ৪৫ মিনিটে গুয়াহাটীর জ্যোতি-বিষ্ণু আন্তর্জাতিক কলা মন্দিরে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মার নতুন মন্ত্রীদের পদ ও গোপনীয়তার শপথ বাক্য পাঠ করবেন। এ উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা গতকাল রাতে ১২ জন বিধায়কের নাম প্রকাশ করেছেন যারা আজ মন্ত্রী হিসেবে শপথ গ্রহন করবেন। তালিকা অনুযায়ী সম্প্রসারিত মন্ত্রিসভায় স্থান লাভ করছেন বিধায়ক অশ্বিনী রায় সরকার, নীলিমা দেবী, সুশান্ত বরগোঁহাই, অশোক সিংহল, বিমল বরা, বিশ্বজিৎ দৈমারী, জয়ন্ত মল্লবরুয়া, কেশব মহন্ত, পীযুষ হাজারিকা, ডাঃ রণোজ পেগু। এদিকে বরাক উপত্যকা থেকে নতুন মন্ত্রিসভায় স্থান লাভ করছেন, কৌশিক রাই এবং কৃষ্ণেন্দু পাল।

শ্রীভূমি জেলার জাতীয় সড়কের উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকার ৫৬ কোটি টাকা মঞ্জুর করেছে। মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা নতুন দিল্লীতে কেন্দ্রীয় সড়ক পরিবহন ও জাতীয় সড়ক উন্নয়ন মন্ত্রী নীতিন গাডকারীর সঙ্গে আলোচনা করার সময় শ্রীভূমি জেলার সড়ক উন্নয়নের প্রসঙ্গ উল্লেখ করেছিলেন। এর পর জেলার সড়ক উন্নয়নের জন্য সরকার এই অর্থ মঞ্জুর করেছে বলে পাথারকান্দীর বিধায়ক কৃষ্ণেন্দু পাল জানান। এ বিষয়ে বিধায়ক শ্রী পাল আরো জানান -----

বাইট

বিশ্ব পরিবেশ দিবসের সঙ্গে সঙ্গতি রেখে আজ রাজ্যে ১ কোটি গাছের চারা রূপন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। আত্মসহায়ক গোষ্ঠীর ৩৫ লক্ষের অধিক মহিলাকে এই অভিযানের সঙ্গে যুক্ত করা হবে। রাজ্য সরকার বৃহৎ পরিসরের বনানিকরণ, স্বচ্ছ শক্তির প্রসার এবং আধুনিক প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে পরিবেশ সুরক্ষা এবং বহনযোগ্য উন্নয়নকে অগ্রাধিকার প্রদান করতে এই পদক্ষেপ গ্রহণ করেছে।

সর্বশিক্ষা অভিযান আসামও বিশ্ব পরিবেশ দিবসের সঙ্গে সঙ্গতি রেখে গুচ্ছ কার্যসূচি গ্রহণ করতে সব জেলার মিশন সমন্বয়ক এবং জেলা প্রাথমিক শিক্ষা আধিকারিককে পত্র প্রেরণ করেছে। এই

অনুসারে আজ থেকে ৩০ জুন পর্যন্ত ইকো-ক্লাবস ফর মিশন লাইফের পৃষ্টপোষকতায় সবুজ গ্রীষ্ম শিবির অনুষ্ঠিত হবে। এছাড়াও প্রত্যেক বিদ্যালয়ে মায়ের নামে একটি গাছ শীর্ষক কার্যসূচির তৃতীয় পর্ব রূপায়ন করা হবে। ছাত্র-ছাত্রী, শিক্ষক এবং অভিভাবকদের মাধ্যমে এবার ২৮ লক্ষ ৩৬ হাজার ২শো ৩২টি গাছের চারা রূপন করার লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে।

হাইলাকান্দির নব নির্বাচিত বিধায়ক ডক্টর মিলন দাস গতকাল হাইলাকান্দি পৌরসভার সদস্য হিসেবে শপথ গ্রহন করেন। জেলা উন্নয়ন আয়ুক্ত নরসিং বে-র পৌরহিত্যে পৌরসভা কার্যালয়ে আয়োজিত সভায় বিধায়ক ডক্টর দাস শপথ গ্রহন করেন। শপথ গ্রহন অনুষ্ঠানের পর বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক ডক্টর দাস বলেন যে হাইলাকান্দি শহরের নাগরিক পরিকাঠামোর উন্নয়ন, পরিষ্কার-পরিচ্ছন্নতা, পানীয় জল, সড়ক এবং অন্যান্য জনস্বার্থমূলক প্রকল্প বাস্তবায়নে সব ধরনের সহযোগীতা করবেন। সভায় পৌরসভার সভাপতি মানব চক্রবর্তীও উপস্থিত ছিলেন।

কাছাড় জেলায় শিশুদের স্বাস্থ্য সুরক্ষা আরো সুদৃঢ় করতে এবং জেলার পোলিও মুক্ত অবস্থান বজায় রাখার লক্ষ্যে কাছাড় জেলা প্রশাসন ও জেলা স্বাস্থ্য সমিতির যৌথ উদ্যোগে গতকাল জেলা আয়ুক্তের কার্যালয়ের সম্মেলন কক্ষে জাতীয় টীকাকরন দিবস উপলক্ষে একটি প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। জেলার স্বাস্থ্য

বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত মনোজ্যোতি কুটুমের পৌরহিত্যে আয়োজিত সভায় জানানো হয় যে জাতীয় টীকাকরন দিবস একটি জনস্বাস্থ্য কর্মসূচী যার মূল উদ্দেশ্যে প্রতিটি শিশুকে পোলিও মাইলাইটিসের মতো মারাত্মক রোগ থেকে সুরক্ষা প্রদান করা । শ্রীকুটুম আরো জানান যে , জেলায় কোন যোগ্য শিশু যেন টীকাকরন থেকে বাদ না পড়ে , তা নিশ্চিত করতে হবে ।

সভায় স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক ডক্টর সুমনা নাইডিং , পোলিও কর্মসূচীর জেলা সমন্বয়ক রাহুল ঘোষ , অতিরিক্ত চিকিৎসা ও স্বাস্থ্য আধিকারীক ডক্টর এম আই বড়ভুইয়া , বিদ্যালয় সমূহের পরিদর্শক মিঠুন জোহরী প্রমুখ উপস্থিত ছিলেন । উল্লেখ্য কাছাড় জেলায় শূন্য থেকে পাঁচ বছর বয়সী মোট দু লক্ষ ৭৮ হাজার ৭৩ জন শিশুকে টীকাকরনের লক্ষ্য মাত্রা নির্ধারন করে এক হাজার তিনশ ৩৫টি বুথ স্থাপনের পরিকল্পনা করা হয়েছে । আগামী ২৮শে জুন সকাল ৮টা থেকে বিকেল চারটে পর্যন্ত শিশুদের টীকা প্রদান করা হবে ।
